আজকের কাগজ

তারিখ 17 SEP 1992
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৬ ...

23

# আজ মহান শিক্ষা দিবস

**কাগজ প্রতিবেদক :** আজ ১৭ সেপ্টেম্বর মহান শিক্ষা দিবস। '৬২'র এই দিনে কুখ্যাত হামিদুর রহমান শিক্ষা কমিশনের প্রতিবাদে ফেটে পড়ে ছাত্রসমাজ। উল্লেখ্য, সেটাই ছিলো আইয়ুবের সামরিক শাসনের বিরুদ্ধে প্রথম সংগঠিত বিক্ষোভ। এই বিক্ষোভ ধারাবাহিক প্রক্রিয়ায় সামরিক স্বৈরাচারবিরোধী দুর্বার গণআন্দোলনে রূপ নেয়। '৬২'র পর থেকে এদেশের ছাত্রসমাজ ১৭ সেপ্টেম্বর শিক্ষা দিবস পালন করে আসছে।

বিভিন্ন ছাত্র সংগঠন শিক্ষা ও ছাত্র আন্দোলনের বিরুদ্ধে সকল ষড়যন্ত্র প্রতিহত করার দৃপ্ত শপথের শিক্ষা দিবস পালনের জন্য ছাত্র সমাজের প্রতি আহ্বান জানিয়েছেন। তারা বলেছে, ৩০ বছর পরও '৬২'র শিক্ষা আন্দোলনের দাবি ও আকাঙ্খা বাস্তবায়িত হয়নি। তারা শিক্ষা দিবস উপলক্ষে বিস্তারিত কর্মসূচি নিয়েছে।

গণতান্ত্রিক ছাত্রঐক্য আন্দোলন গড়ে তোলার লক্ষ্যে আজ কেন্দ্রীয় প্রতিনিধি সভা করছে। পাশাপাশি তারা আজ সকালে ঢাকা বিশ্ববিদ্যালয় বটতলায় সমাবেশ করবে। সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট আজ সকাল ১১টায় ঢাকা বিশ্ববিদ্যালয়ে মিছিল এবং কাল বিকেলে টিএসসি সড়ক দ্বীপে আলোচনা সভা করবে। ছাত্র সমিতি এ উপলক্ষে গতকাল সকালে প্রেসক্লাবের সামনে সমাবেশ করেছে।